# শিক্ষার সামাজিক দায়িত্ব ফাউন্ডেশন

নীলফামারী

বার্ষিক প্রতিবেদন- ২০২৩

প্রকল্প: শিক্ষার সামাজিক দায়িত্ব

শিক্ষার সামাজিক দায়িত্ব ধারণাটি মানসম্মত শিক্ষা নিশ্চিতকরনে সমাজে গভীর সচেতনতা তৈরী করবে ফলে সমাজ স্কুল বিষয়ে দায়িত্ব নিবে এবং এই অভিযানটি সমাজ থেকে শুরু করে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায় পর্যন্ত পরিব্যাপ্ত হয়ে বিদ্যালয়কে একটি স্বপ্নের বিদ্যালয় তথা আদর্শ বিদ্যালয় হিসেবে তৈরি করে শিক্ষার গুনগতমান উন্নয়নের মাধ্যমে প্রকল্পের কাংখিত লক্ষ্য অর্জনে সক্ষম হবে বলে আমাদের প্রয়াস।

লক্ষ্য ঃ বিদ্যালয়, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও সমাজের অংশগ্রহনের মাধ্যমে শিখন-শিক্ষন প্রক্রিয়া, পরিবেশ, ব্যবস্থাপনা ও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মাধ্যমে বিদ্যালয়কে একটি আদর্শ বিদ্যালয় হিসেবে দৃষ্টান্ত তৈরি করা ।



উদ্দেশ্য ঃ

- শিক্ষার্থীকে শেখানো নয় বরং শিখতে শেখার কৌশল উপস্থাপন করা;
- বিদ্যালয়ের প্রতি মালিকানাবোধ জাগরিত করা এবং অংশগ্রহণমূলক পদ্ধতিতে বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা নিশ্চিত করা;
- সহ-পাঠক্রমিক কার্যক্রমে সহায়তা করা; যেমন-বিতর্ক প্রতিযোগিতা, দেয়াল পত্রিকা প্রকাশ ইত্যাদি
- নুতন কারিকুলামের আলোকে শ্রেণিকক্ষে ক্লাশ উপস্থাপন যেমন-ছোট দলে কাজ, জোড়ায় কাজ ইত্যাদি;
- ইংরেজিতে যোগাযোগের দক্ষতা বৃদ্ধিকরন;
- বিদ্যালয়কে একটি আদর্শ বিদ্যালয় হিসেবে এলাকায় সাড়া জাগানো;
- সৃজনশীল পদ্ধতিতে একীভূত শিক্ষা নিশ্চিতকরনে সহায়তা করা ।



## স্কুলনির্বাচন:

ডশক্ষার সামাজিক দায়িত্ব ফাউন্ডেশন যেসকল স্কুল মানসম্মত শিক্ষা প্রদানে পিছিয়ে সেগুলো নির্বাচন করার জন্য মানদন্ড ঠিক করে একটি জরীপ কাজ চালানো এবং তার উপর ভিত্তি করে নীলফামারী সদর উপজেলার তিনটি গ্রামীন উচ্চ বিদ্যালয় নির্বাচন করা হয়। সে লক্ষ্যে স্কুলগুলোর সাথে যোগাযোগ, আলোচনা ও কর্মশালা করার পর নিম্লোক্ত স্কুলগুলো চূড়ান্তভাবে নির্বাচন করা হয়:

১. দুবাছুরী বালিকা উচ্চ বিদ্যালয়

২. কুকরাডাঙ্গা উচ্চ বিদ্যালয়

৩. টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়

স্কুল প্রোফাইল- অক্টোবর-২০২২

| ক্রমিক | স্কুলের নাম | ক্লাস সংখ্যা | সেকসন | মোট শিক্ষার্থী | ছাত্র-শিক্ষক অনুপাত |
|---|---|---|---|---|---|
| ১ | দুবাছুরী বালিকা উচ্চ বিদ্যালয় | ৫ (৬ষ্ঠ-১০ম) | নেই | ৩১২ বালিকা, বালক- ০ | ১:৬২ |
| ২ | কুকরাডাঙ্গা উচ্চ বিদ্যালয় | ৫ (৬ষ্ঠ-১০ম) | নেই | ২৬৯ বালিকা, বালক-১৫৮ | ১:৫৪ |
| ৩ | টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয় | ৫টি | নেই | ৩৬৬ বালিকা, বালক- ১৫০ | ১:৭৩ |

নির্বাচিত বিদ্যালয়ের প্রাথমিক তথ্যঃ অক্টোবর-২০২২

বিদ্যালয়ের নামঃ কুকড়াডাঙ্গা উচ্চ বিদ্যলয়

| ক্রমিক নং | শ্রেণি | ছেলে | মেয়ে | মোট | মোট শিক্ষক | পুরুষ | নারী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৬ষ্ঠ | ৩৯ | ৩১ | ৭০ | ১৩ | ১১ | ২ |
| ২ | ৭ম | ৩৪ | ২২ | ৫৬ | | | |
| ৩ | ৮ম | ৩৩ | ২৫ | ৫৮ | | | |
| ৪ | ৯ম | ৩২ | ১৯ | ৫১ | | | |
| ৫ | ১০ম | ২০ | ১৪ | ৩৪ | | | |
| সর্বমোট | | ১৫৮ | ১১১ | ২৬৯ | | | |

বিদ্যালয়ের নামঃ টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যলয়

| ক্রমিক নং | শ্রেণি | ছেলে | মেয়ে | মোট | মোট শিক্ষক | পুরুষ | নারী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৬ষ্ঠ | ৫০ | ২৭ | ৭৭ | ১১ | ৯ | ২ |
| ২ | ৭ম | ৫৫ | ২২ | ৭৭ | | | |
| ৩ | ৮ম | ৩৮ | ৪৪ | ৮২ | | | |
| ৪ | ৯ম | ৪৯ | ৩১ | ৮০ | | | |
| ৫ | ১০ম | ২৪ | ২৬ | ৫০ | | | |
| সর্বমোট | | ২১৬ | ১৫০ | ৩৬৬ | | | |

বিদ্যালয়ের নামঃ দুবাছুরী বালিকা উচ্চ বিদ্যলয়

| ক্রমিক নং | শ্রেণি | ছেলে | মেয়ে | মোট | মোট শিক্ষক | পুরুষ | নারী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৬ষ্ঠ | ০ | ৮০ | ৮০ | ১১ | ৯ | ২ |
| ২ | ৭ম | ০ | ৭৬ | ৭৬ | | | |
| ৩ | ৮ম | ০ | ৬৫ | ৬৫ | | | |
| ৪ | ৯ম | ০ | ৫১ | ৫১ | | | |
| ৫ | ১০ম | ০ | ৩৯ | ৩৯ | | | |
| সর্বমোট | | ০ | ৩১২ | ৩১২ | | | |

## ২০২২ সালের অক্টোবরে ঘোষিত ২০২৩ সালের শেষে প্রত্যাশা ও পরিবর্তন

১. শিক্ষার্থী ও শিক্ষকের বন্ধুসুলভ সম্পর্ক গড়ে উঠবে
২. শিক্ষকগণ কার্যকরী শিখনে অভ্যস্থ হবে
৩. লিডারশিপ স্কোয়াডের সদস্যরা ইংরেজীতে কথা বলতে পারবে যা দেখে অন্যরা আগ্রহী হবে
৪. লিডারশিপ স্কোয়াডকে ডিবেট করার জন্য প্রশিক্ষণ দেয়া হবে, এখন তারা বিষয় নির্বাচন করে নিজেরা ডিবেট করবে এরপর তারা আন্তঃস্কুল প্রতিযোগিতায় অংশ নিবে।
৫. স্কুলে পাশের হার বাড়বে
৬. সমাজ ও স্কুলের মধ্যে সুসম্পর্ক তৈরী হবে
৭. স্কুলে শিক্ষবান্ধব পরিবেশ তৈরী হবে
৮. আন্তঃস্কুল প্রতিযোগিতায় ভাল ফলাফল করবে।

**যে সকল কাজ সম্পন্ন হয়েছে-**

- স্কুল নির্বাচনের জন্য জরীপ
- নির্বাচিত প্রত্যেকটা স্কুলে ভিসনিং কর্মশালার অয়োজন করা হয় যেখানে অংশগ্রহণ করেন স্কুল ম্যানেজিং কমিটি, সকলশিক্ষক, সমাজের নেতৃত্ববৃন্দ, অভিভাবক, শিক্ষার্থী এবং জন প্রতিনিধিগণ।
- প্রতিটি স্কুলে গুণগত মানসম্পন্নশিক্ষা ও সামাজিক দায়িত্ব বিষয়ক কর্মশালা করা হয়। কর্মশালায় অংশগ্রহণ করেন এসএমসি সভাপতি, প্রধানশিক্ষক, সহকারী শিক্ষক, এলাকার প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ।




- কর্যকরীশিখনপদ্ধতিবিষয়ে স্কুলের সকল শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান
- শিক্ষার্থীদের লিডারশীপ দল গঠন ও প্রশিক্ষণ প্রদান
- শ্রেণীভিত্তিক জোড়া দল গঠন ও প্রশিক্ষণ
- শ্রেণীভিত্তিক জোড়া দল গঠন এবং ইংরেজীতে কথা বলার চর্চা (সূত্রঃ রোড টু লার্নিংইংলিশ)
- ফলো-আপ লিডারশীপ স্কোয়াড প্রশিক্ষণ করানো হয়, কারণ রমজানের দীর্ঘ ছুটির ফলে চর্চা স্তিমিত হয়ে পড়েছিল।
- এসএমসি, স্কুলএবং অভিভাবকদের সাথে সমন্বয় সভা করা হয়।
- যৌথ ক্লাস উপস্থাপন ও বিতার্কিক দল গঠন করা হয়।
- বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- বার্ষিক মূল্যায়ন করা হয়
- ২০২৪ সালের কর্ম-পরিকল্পনা করা হয়।



বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতিশ্রুতি

লক্ষ্যমাত্রা এবং অর্জনসমূহ: অক্টোবর ২০২২-ডিসেম্বর ২০২৩

| ক্রমিক নং | কর্মসূচির নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | স্কুল পর্যায়ে ভিশনিং কর্মশালা | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ০২ | শিক্ষকদের প্রশিক্ষণ; | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ০৩ | শ্রেনিভিত্তিক জোড়া দল/ছোট দলের মাধ্যমে ক্লাশ পরিচালনা | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ০৪ | এসএমসি স্কুল এবং অভিভাবকদের সাথে সমন্বয় সভা; | ৯ বার | ০৮ বার | |
| ০৫ | যৌথ ক্লাশ উপস্থাপনে সহায়তা | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ০৬ | বিতর্ক প্রতিযোগিতা | ০৬ টি | ০৬ টি | |
| ০৭ | উপস্থিতির হার-দুব্জুছুরি বালিকা উচ্চ বিঃ | ১০০ | ৮১ | |
| ০৮ | উপস্থিতির হার-কুকরাডাঙ্গা উচ্চ বিঃ | ১০০ | ৭৭ | |
| ০৯ | উপস্থিতির হার-টেপুরডাঙ্গা উচ্চ বিঃ | ১০০ | ৮২ | |
| ১০ | মাসিক স্টাফ মিটিং | ৭টি | ৬ টি | |
| ১১ | স্কোয়াড লিডারসিপ প্রশিক্ষণ | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ১২ | স্কোয়াড লিডারসিপ রিফ্রেসার্স | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ১৩ | বার্ষিক কর্মসূচী মুল্যয়ন | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ১৪ | বিদ্যালয় বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা প্রনয়ন | ৩ টি স্কুল | ৩ টি স্কুল | |
| ১৫ | ২০২৪ সালে আরো দুটি স্কুল প্রকল্পভুক্ত করা হবে্ | ২টি | ২টি | ১. সৈয়দপুর সানফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ<br>২. পলাশবাড়ী পরশমনি উচ্চ বিদ্যালয়, নীলফামারী |

এক নজরে মূল্যায়নঃ

ব্যবস্থাপনা কমিটিঃ

| ক্রমিক নং | প্রস্ন | পূর্ণমান | গড় | অংশগ্রহণকারীর সংখ্যা | চিত্র |
|---|---|---|---|---|---|
| ১ | আপনি একজন এসএমসির সদস্য হিসেবে যেসব দায়িত্ব পালন করেন তা বলবেন কি? | ১০ | ৭ | ১২ |  |
| ২ | আপনি এ বছর স্কুল মনিটরিং করেছেন কি করলে কিভাবে ? | ১০ | ৬ | ১২ | |
| ৩ | একটি আদর্শ বিদ্যালয় গঠনে | ১০ | ৭ | ১২ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | আপনার পরামর্শ দিন । | | | |  |
| ৪ | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আপনি অংশগ্রহন করেছেন কি এবং এর প্রয়োজনিয়তা আছে কিনা ? | ১০ | ৭ | ১২ | |
| ৫ | ক্লাশ পর্যবেক্ষনে আপনার মন্তব্য উল্লেখ করুন । | ১০ | ৬ | ১২ | |

সমাজঃ

| ক্রমিক নং | প্রশ্ন | পূর্ণমান | গড় | অংশগ্রহণকারীর সংখ্যা | চিত্র |
|---|---|---|---|---|---|
| ১ | আপনি এ বছর কতবার বিদ্যালয়ে গেছেন এবং কেন? | ১০ | ৮ | ১১ |  |
| ২ | শারীরিক ও মানসিক শাস্তি শিশুর শেখার জন্য সহায়ক না বাধাঁ ? | ১০ | ৭ | ১১ | |
| ৩ | সহপাঠক্রমিক কার্যাবলিতে আপনার শিশু অংশগ্রহণ করেছে কি? করলে কিভাবে? | ১০ | ৫ | ১১ | |
| ৪ | শিক্ষার দ্বায়িত্ব শিক্ষকের , অভিভাবকের | ১০ | ৮ | ১১ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | নাকি শিক্ষার্থীর ? | | | |  |
| ৫ | একজন ভালো ছাত্র গঠনে আপনার করনীয় কি? | ১০ | ৮ | ১১ | |

শিক্ষকঃ

| ক্রমিক নং | প্রস্ন | পূর্ণমান | গড় | অংশগ্রহণকারীর সংখ্যা | চিত্র |
|---|---|---|---|---|---|
| ১ | শ্রেণিকক্ষে সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করনের কয়েকটি উপায় বলবেন কি? | ১০ | ১০ | ২৭ |  |
| ২ | বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করনে আপনার পদক্ষেপ লিখুন । | ১০ | ৮ | ২৭ | |
| ৩ | ছোট দলে কাজের সুবিধাসমূহ লিখুন । | ১০ | ১০ | ২৭ |  |
| ৪ | দলীয় কাজের অসুবিধা বা বাঁধাসমূহ কিকি? | ১০ | ৬ | ২৭ | |
| ৫ | আপনি কি পাঠপরিকল্পনা করে ক্লাশে আসেন ? | ৩ | ৩ | ২৭ | |
| ৬ | জোড়ায়/দলীয় কাজের সময়সীমা উল্লেখ করুন । | ৩ | ০ | ২৭ | |
| ৭ | গুণগত শিক্ষার | ৪ | ৩ | ২৭ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মান নিশ্চিত করনে আপনার মতামত দিন | | | | |

শিক্ষার্থীঃ

| ক্রমিক নং | প্রশ্ন | পূর্ণমান | গড় | অংশগ্রহণকারীর সংখ্যা | চিত্র |
|---|---|---|---|---|---|
| ১ | বর্ণগুলো সাজিয়ে শব্দ তৈরী কর- রিপপমা, অশীলনুন, পক্ষারী, সুরিপাশ | ৮ | ৬ | ৩৫ |   |
| ২ | ইলিশ শব্দটির শেষ অক্ষর দিয়ে তিনটি শব্দ লেখ। | ৮ | ৬ | ৩৫ | |
| ৩ | একজন দলনেতার ২টি বৈশিষ্ট্য লিখ। | ৮ | ৪ | ৩৫ | |
| ৪ | তুমি কি তোমার ক্লাশের পাঠদানে সন্তুষ্ট? যদি না হয়ে থাকো তবে আর কি হলে ভালো হত । | ৮ | ৩ | ৩৫ | |
| ৫ | একটি মডেল স্কুল গঠনে তোমার মতামত দাও | ৮ | ২ | ৩৫ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | আপনি এ বছরে কতগুলো নতুন শব্দ শিখেছেন এবং আপনি কি ভোকাভিউলারি নোট বুক ব্যবহার করেন? | ১০ | ৭ | ৩৫ | |

লক্ষনীয় পরিবর্তন-শিক্ষক

- শিক্ষকদের সম্মানকে পুঁজি করা এবং স্মরণ করকরায় শক্তি ক্রমাগত মনে করে দেয়ার ফলে তাদেও কাজের গতি বাড়ছে।
- নিজে সময়মত ক্লাশ করে অন্যকে ক্লাশে উৎসাহিত করছে।
- দলীয় কাজের মধ্যে যে ভিন্নতা আছে তা করতে উৎসাহিত হচ্ছে।
- শিক্ষকের কৌশল শ্রেষ্ঠ পদ্ধতি তা আবিষ্কার করা এবং নিজে নিজে শিখতে সহায়তা করছে।
- **লক্ষনীয় পরিবর্তন-শিক্ষার্থী**
- শিক্ষা শিক্ষার্থীদের দায়িত্ব এর প্রতি গুরুত্ব বুঝতে পারছে।
- তাদের শিখার পথ দেখিয়ে দেয়াতে তারা উৎসাহিত হচ্ছে
- স্কুল এবং অভিভাবক শিক্ষার্থীর পড়ার জন্য সময় বের করিয়ে দেয়া এবং তাদেরকে সহায়তা করছে।
- অভিভাবকদের সাথে এবং লিডারশিপ স্কোয়ার্ডের সাথে নিয়মিত যোগাযোগ করছে।
- দলগত পদ্ধতিতে শব্দভান্ডার বাড়াতে শিক্ষর্থীরা আগ্রহ দেখাচ্ছে।
- শিশুদের  মধ্যে শব্দভান্ডার এবং বাক্য তৈরির কৌশল বেড়েছে
- ইংরেজি ভাষায় যোগাযোগের দক্ষতা বাড়ছে;
- শিশুদের মাঝে নেতৃত্বের  বিকাশ ঘটছে
- **লক্ষনীয় পরিবর্তন- সমাজ**
- সমাজে নিজস্ব স্বার্থ, দায়িত্ব, অধিকার সম্পর্কে সচেতন হচ্ছে।
- মানসম্মত শিক্ষার জন্য কি দরকার তা ভালোভাবে দেখা হয়
- যদি মানসম্মত শিক্ষা অর্জন হয় তা আগামীতে নিজেরা চলমান রাখার প্রত্যাশা ।
- ছাত্র, শিক্ষক, এস এম সির মধ্যে বিশ্বাস সৃষ্টি হচ্ছে যে মানসম্মত শিক্ষা অর্জন করা সম্ভব।
- অভিভাবক এবং কমিউনিটিকে আমন্ত্রণ জানানো হয়  এবং মানসম্মত শিক্ষার জন্য স্কুল ও কমিউনিটির মধ্যে যোগযোগ বেড়েছে।

ভালোদিকঃ

- ➢ এসএসডি প্রকল্পের মাধ্যমে বিদ্যালয়গুলির কৌশলগত সহায়তা কাজে লাগাতে আগ্রহ বাড়ছে

- বর্তমান কারিকুলামের আলোকে ৩ টি স্কুলের মধ্যে ১টি ক্লাশে কার্যকর ছোটদল গঠন হয়েছে ;
- কর্মশালার মাধ্যমে স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা বেড়েছে এবং স্কুল এবং কমিউনিটি একটি মডেল স্কুলের স্বপ্ন দেখছে।
- সহপাঠক্রমিক কাজ হিসেবে ৩ টি স্কুলে ৬ষ্ঠ-৮ম শ্রেণির শিক্ষার্থী কর্তৃক ৬ টি বিতর্ক প্রতিযোগিতা হয়েছে
- শিশুদের মধ্যে শব্দভান্ডার এবং বাক্য তৈরির কৌশল বেড়েছে
- ইংরেজি ভাষায় যোগাযোগের দক্ষতা বাড়ছে;
- শিশুদের মাঝে নেতৃত্বের বিকাশ ঘটছে ।

উন্নয়নযোগ্যদিক ঃ

- শিক্ষক এবং শিক্ষার্থীর অধিক প্রশিক্ষন প্রয়োজন ও ম্যনেজিং কমিটির মিটিং প্রয়োজন ;
- মৌসুমী কাজের সময় শিশুদের উপস্থিতি কম হয়;
- ছোট দলের সদস্য পরিবর্তন হয় এবং শতভাগ ছোটদলের কাজ করা সম্ভব হয় না;
- ইংরেজি কথোপকথনে বাক্য গঠনের ক্ষেত্রে সমস্যা বেশি হয়;
- নবম, দশম শ্রেণির শিক্ষার্থীদের ও এসএসডি প্রকল্পের সহায়তা প্রয়োজন;
- বেঞ্চগুলো ছোট দলে বসার উপযোগী নয়;
- আনন্দঘন পরিবেশে পাঠদানের জন্য উপকরনের ঘাটতি ।

প্রকল্প বাস্তবায়নে বাঁধাসমুহ ঃ

- শিক্ষার্থীর উপস্থিতির হার শতভাগ নিশ্চিত করা;
- এনসিটিবি কর্তৃক ইংরেজি বই পুরোপুরি ইংরেজিতে লেখা হলেও ক্লাশ উপস্থাপন হয় বাংলায়;
- প্রচলিত নিয়মে পড়ানোর প্রবনতা;

বাঁধাসমুহ উত্তরনে করনীয় ঃ

- শিক্ষার্থীর উপস্থিতির হার শতভাগ নিশ্চিত করার জন্য মোবইল রেজিস্টার কার্যকর করা;
- কার্যকর অভিভাবক সমাবেশের আয়োজন করা এবং অভিভাবক কর্তৃক শিশুদের খোঁজখবর নেয়া;
- এসএমসির কার্যকর সভা করা।
- অতিরিক্ত সময় নয় বরং ইংরেজি ক্লাশে ইংরেজি ভাষায় যোগাযোগ করা এবং ক্লাশ উপস্থানের চেষ্টা করা;
- শেখানো নয় শিক্ষার্থীদের শিখতে সহায়তা করা এবং শ্রেণিকক্ষে আনন্দঘন পরিবেশে পাঠদান করা;
- কুইজের মাধ্যমে ছোটদল কার্যকর করা ইত্যাদি

**সমাজ, এসএমসি, শিক্ষক ও শিক্ষার্থীদের মন্তব্য:**



Class Supervision by SSD

"এত সুন্দর করে ইংরেজিতে কথা বলতে পারার জন্য বাবা আমাকে উপহার দিয়েছে" - সীমা, শিক্ষার্থী, টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়-৮ম শ্রেণি।

"আমার বিতর্কের ভিডিও এবং ইংরেজিতে কথা বলার ভিডিও দেখে বাবা-মা খুবই খুশি হয়েছে"- রিজু, টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়-৬ষ্ঠ শ্রেণি।

"প্রত্যন্ত অঞ্চলে এসএসডি প্রকল্পের গুরুত্বপূর্ণ সহযোগিতা খুবই প্রয়োজন"- ইকবাল হোসেন, শিক্ষক, টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়।

"এসএসডি প্রকল্পের কাছ থেকে আমরা শেখার কৌশল শিখেছি ফলে এখন আমরা ইংরেজিতে কথা বলতে পারি"- ষষ্ঠী রানী, দুবাছুরী বালিকা উচ্চ বিদ্যালয়-৮ম শ্রেণি।

"বিদ্যালয়ে আপনাদের পক্ষ থেকে মনিটরিংয়ের ব্যবস্থা থাকলে ভালো হয়"- বাবু ধনঞ্জয়, অভিভাবক, দুবাছুরী বালিকা উচ্চ বিদ্যালয়।

**ফটোগ্যালারিঃ**



Pair Work Follow up



small group work presentation by squad leader at kukradanga high school



pair work in science class at Dubasuri girls high school



Prize Distribution for Debate




Team leader speech



বার্ষিক মূল্যায়ন-শিক্ষক






speech from teacher for gurdian

কর্মপরিকল্পনায় জন অংশগ্রহণ



*Figure 1 School Selection Meeting*



vocabulery building by small group

উপসংহার: পরিশেষে বলা যায়, প্রকল্পের শুরুতে কর্মী নির্বাচন, মাঠ পর্যায়ে যোগাযোগ স্থাপন, স্কুল নির্বাচন ইত্যাদি কাজে ছোট ছোট প্রতিবন্ধকতা ভুগিয়েছে বেশ, তা উৎরিয়ে এগুতে হয়েছে। বছরটির শুরু থেকে নতুন শিক্ষা কারিকুলাম  চালু, শিক্ষকদের ধর্মঘটের জন্য স্কুল চালু থাকলেও ক্লাসের সংখ্যা কমেছে এ বছর। বছরের শেষ ছয় মাসে যখন বেশি প্রয়োজন ছিল সেসময় কাজের জন্য বসার অফিস ও কর্মীর ব্যবহারিক উপকরণে ঘাটতি আমাদের ভুগিয়েছে। সবকিছু মিলে বছর শেষে ২০২৪ শুরু করার জন্য উপযোগী একটি পরিবেশ সৃষ্টি হয়েছে। প্রত্যাশিত ফলাফল অর্জনের উদ্যোম নিয়ে কর্মসচী শুরু করার আশা করা যেতে পারে।

প্রতিবেদনে: পরিমল চন্দ্র রায়-টেকনিক্যাল সুপারভাইজার, এসএসডি ফাউন্ডেশন, নীলফামারী
সহযোগিতায়: আব্দুল মান্নান, এক্সপার্ট, শিক্ষা

ধন্যবাদসহ
আলাউদ্দন আলী
নির্বাহী পরিচালক, এসএসডি ফাউন্ডেশন
২৮ ডিসেম্বর-২০২৩